

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রতিষ্ঠান শাখা-২
www.rdc.gov.bd

১১২৬৫
২৬-৭-২১
৪:৬০

“বঙ্গবন্ধুর দর্শন
সমবায় উন্নয়ন”

০৪ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ: ১৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

স্মারক নং- ৪৭.০০.০০০০.০৪৭.০২.১৫৮.২০(ই-নথি)-২৪৯

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস পরিস্থিতিতে পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতকে লক্ষ্য করে গ্রামীণ এলাকায় ঋণদান কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় বিশেষ অনুদান বাবদ বরাদ্দ প্রদান।

সূত্রঃ এসএফডিএফ-এর স্মারক নং-২১৮৭, তারিখ: ২৬/০৮/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নভেল করোনা ভাইরাস পরিস্থিতিতে পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতকে লক্ষ্য করে গ্রামীণ এলাকায় ঋণদান কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)-এর অনুকূলে বিশেষ অনুদান হিসেবে ১০০ (একশত) কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ২০২০-২১ অর্থবছরে অর্থ বিভাগের বাজেটের অধীন “১০৯০১০১-১২০০১০০০-৩৯১১১১২ অপ্রত্যাশিত ব্যয়” খাত হতে ৫০ (পঞ্চাশ) কোটি টাকা ছাড় করা হয়েছে এবং বরাদ্দপত্রে বর্ণিত শর্তানুযায়ী একটি সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়নপূর্বক প্রান্তিক পর্যায়ে ৩.১২৪ জন ক্ষুদ্র পল্লী উদ্যোক্তার মধ্যে বিতরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

২০২১-২২ অর্থবছরে অবশিষ্ট ৫০ (পঞ্চাশ) কোটি টাকা অত্রীষ্ট অনুযায়ী ঋণ প্রদানের জন্য ইতোমধ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এসএফডিএফ-এর অনুকূলে বিশেষ অনুদান হিসেবে বরাদ্দকৃত ১০০ (একশত) কোটি টাকার মধ্যে ২০২১-২২ অর্থবছরে অবশিষ্ট ৫০ (পঞ্চাশ) কোটি টাকা ছাড়করণের প্রয়োজন।

এমতাবস্থায়, নভেল করোনা ভাইরাস পরিস্থিতিতে পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতকে লক্ষ্য করে গ্রামীণ এলাকায় ঋণদান কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন-এর আওতায় বিশেষ অনুদান বাবদ বরাদ্দ ১০০ (একশত) কোটি টাকার মধ্যে ২০২১-২২ অর্থবছরে অবশিষ্ট ৫০ (পঞ্চাশ) কোটি টাকা ছাড়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(স্বাক্ষর)
২৬/৯/২০২১

(কাজী মোশতাক জহির)
উপসচিব (প্রতিষ্ঠান শাখা-২)

ফোনঃ ৯৫৭৪০০৩

e-mail: rdcsection2@gmail.com

সিনিয়র সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), ৫-কাওরান বাজার, ঢাকা।
- ০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান) মহোদয়ের বাস্তবিক কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। অফিস কপি।